15 FEB 2017
7 8 ৫

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের ই-লাইব্রেরি উদ্বোধন

■ গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অটোমেটেড লাইব্রেরি সিস্টেমের উদ্বোধন করা হয়েছে। গত রবিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ আনুষ্ঠানিকভাবে এর উদ্বোধন করেন। এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, "জাতীয় বিশ্ববিদ্যালয়কে সম্পূর্ণভাবে তথ্য-প্রযুক্তিনির্ভর একটি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার লক্ষ্যে এ যাবৎ যেসব পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তার সঙ্গে ই-লাইব্রেরি একটি গুরুত্বপূর্ণ সংযোজন। এর ফলে লাইব্রেরি ব্যবহারকারীরা মুহূর্তেই তাদের প্রয়োজনীয় গ্রন্থ সম্পর্কে কাঙ্ক্ষিত তথ্য পেয়ে যাবেন। এতে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য প্রফেসর ড. মো. আসলাম ভুঁইয়া, প্রো-উপাচার্য প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু ও কোষাধ্যক্ষ প্রফেসর মো. নোমান-উর রশীদ। সভাপতিত্ব করেন জাতীয় বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় লাইব্রেরির বিভাগীয় প্রধান ও গ্রন্থাগার এবং তথ্য বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মো. নাসিরউদ্দীন।